

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মানুসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা: কারিগরি-১
www.tmed.gov.bd

নথি নং-৩৭.০০.০০০০.০৭৬.০৯.০১৪.২০১৭- ২৭৪

তারিখ: ০২ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ
০৫ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

২য় কারণ দর্শনোর নোটিশ

যেহেতু, আপনি বেগম আয়েশা সিদ্দিকা, ইস্ট্রাইটের (সিভিল), রাজশাহী পলিটেকনিক ইনসিটিউট বিগত ১৭/১২/২০১১ খ্রি. হতে অদ্যাবধি (৬০ দিনের অধিক) কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মসূলে অনুপস্থিত রয়েছেন ; এবং


যেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী ‘অসদাচরণ’ ও বিধি ৩ এর উপবিধি (সি) অনুযায়ী ‘ডিজারশন’ এর অপরাধ বিবেচনায় আপনার বিরুদ্ধে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রস্তুতকর্ত্তব্যে আপনাকে পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে সন্তোষজনক কারণ দর্শনোর নোটিশ প্রদানের প্রেক্ষিতে আপনি নির্ধারিত সময়ে কোন জবাব দেননি ; এবং

যেহেতু, এতদুদ্দেশ্যে নিযুক্ত তদন্ত কর্মকর্তার তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৩ এর উপবিধি (বি) অনুযায়ী ‘অসদাচরণ’ ও বিধি ৩ এর উপবিধি (সি) অনুযায়ী ‘ডিজারশন’ এর অভিযোগ সন্দেহাতীত ও যৌক্তিকভাবে প্রমাণিত হয়েছে ; এবং

যেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী গুরুত্বপূর্ণ আওতায় আপনাকে ১৭/১২/২০১১ তারিখ হতে চাকরি থেকে বরখাস্ত (dismissal from service) করা যুক্তিযুক্ত বলে প্রতীয়মান হয়েছে ;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩ এর উপবিধি (খ) অনুযায়ী ‘অসদাচরণ’ ও বিধি ৩ এর উপবিধি (গ) অনুযায়ী ‘পলায়ন’ এর এর অভিযোগ সন্দেহাতীত ও যৌক্তিকভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৭ (৯) এর আলোকে গুরুত্বপূর্ণ আওতায় কেন আপনাকে ১৭/১২/২০১১ তারিখ হতে চাকরি থেকে বরখাস্ত (dismissal from service) করা হবে না সে বিষয়ে এ কারণ দর্শনোর নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ দেয়া হোল। নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব না পাওয়া গেলে উল্লিখিত বিষয়ে আপনার কোন বক্তব্য নেই বলে ধরে নেয়া হবে এবং বিধি অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। এ সাথে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনের কপি প্রেরণ করা হল।

সংযুক্ত : বর্ণনামতে ০২ পাতা।


০৫.৭.২০১৮
(মোঃ আলমগীর)
সচিব

বর্তমান ঠিকানা:

বেগম আয়েশা সিদ্দিকা
ইস্ট্রাইটের (সিভিল)
রাজশাহী পলিটেকনিক ইনসিটিউট, রাজশাহী।

স্থায়ী ঠিকানা:

বেগম আয়েশা সিদ্দিকা
প্রয়ত্নে- পিতামঃ মোঃ আব্দুল গনি
গ্রামঃ + পোঃ বনছাম
থানাঃ তাকাইকুলা, জেলাঃ পাবনা।